



## বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট


ময়মনসিংহ-২২০১


### নদী কেন্দ্র, চাঁদপুর এর আর্থিক ও গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ প্রতিবেদন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩) বাস্তবায়নের অংশ হিসেবে বিগত ২৫-১২-২০২৩ইং তারিখে ইনস্টিটিউটের নদী কেন্দ্র, চাঁদপুর এর বর্তমান অর্থ বৎসরের চলমান গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণ কার্যক্রমে সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের গবেষণা ও ব্যবস্থাপনা বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. ডুরিন আখতার জাহান। পরিবীক্ষণকালে কেন্দ্রে রাজস্ব বাজেটের আওতায় চলমান অর্থ বৎসরে পরিচালিত ৫টি এবং সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্টের (উন্নয়ন প্রকল্প) গবেষণা ও আর্থিক অগ্রগতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপিত হয়। এসময় ড. মো. আমিরুল ইসলাম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. রবিউল আউয়াল হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. আব্দুর রাজ্জাক, উপ-পরিচালক, জনাব তায়েফা আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. মোহাম্মদ আশরাফুল আলম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব মোঃ শরীফুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, জনাব রোমানা ইয়াসমীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং কেন্দ্রের বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরিবীক্ষণকালে কেন্দ্রের চলমান গবেষণা কার্যক্রমের সন্তোষজনক অগ্রগতি পরিলক্ষিত হয়। সরেজমিন পরিদর্শনকালে কেন্দ্রের গবেষণাগার এবং মাঠ পর্যায়ে চলমান কার্যক্রম পরিদর্শন করা হয়। আর্থিক অগ্রগতি পরিবীক্ষণকালে কেন্দ্রের ক্যাশ লেজার বহিঃ, ব্যাংক স্টেটমেন্ট, স্টোর লেজার ইত্যাদি পরিবীক্ষণ করা হয়।



চিত্রঃ নদী কেন্দ্র, চাঁদপুর এর আর্থিক ও গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ

  
(মোহাম্মদ ফেরদৌস সিদ্দিকী)  
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা  
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট  
সদর দপ্তর, ময়মনসিংহ।

  
২৫/১২/২৩  
ড. ডুরিন আখতার জাহান  
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা)  
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট  
সদর দপ্তর, ময়মনসিংহ।